

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয়সরকার ও প্রকৌশল অধিদপ্তর  
পাংশা, রাজবাড়ী।

যোগাযোগ ও ভৌত অবকঠামো স্থায়ী কমিটির বিষয়ক কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৭/০৬/২০২২খ্রিঃ, সময় : দুপুর ২.০০ ঘটিকায়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক' সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি স্থায়ী কমিটির সদস্য-সচিব ও উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাংশা কে তাঁর দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপনের অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় তাঁর দপ্তরের কার্যক্রমে উপস্থাপন করেন।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সদস্য সচিব উপজেলা ওয়াটশান কমিটি, পাংশা সভাকে জানান যে, পিআইসি'র মাধ্যমে কাজগুলো বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং টেভারের কাজগুলো চলমান রয়েছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের মাধ্যমে নিম্নোক্ত কাজ বাস্তবায়িত হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন, মাছপাড়া রেল স্টেশন জামে মসজিদের রাস্তা BFS দ্বারা উন্নয়ন, মেঘনা খামাড়াপাড়া নুরুর বাড়ী হতে মেঘনা খামাড়াপাড়া ঈদগাহ ময়দান পর্যন্ত রাস্তা সলিং করণ, মাছপাড়া হলুদবাড়ীয়া কামাল মাষ্টারের বাড়ী হতে মহর প্রামানিকের বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করণ, ও যশাই ইউনিয়ন পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ কাজটি ঠিকাদার কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং বিল পাওয়ার জন্য আবেদন করা হয়েছে, তাছাড়া বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা সভায় জানান যে, বাস্তবায়িত নির্মাণ প্রকল্পের কাজে আরও গতিশীলতা আনয়ন এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পাংশা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত প্রকল্প গুলো দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি টেভারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য কাজগুলো কাজের গুণগত মান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ রোকেয়া বেগম)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, পাংশা।  
তারিখঃ ১৭/০৬/২০২২

স্মারক নং- ৪৬.০২.৮২৭৩.০০০.১৪.০৪২.২১  
অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী।
- ২। উপ- পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।

উপজেলা প্রকৌশলী  
স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর।  
পাংশা, রাজবাড়ী